

সচরাচর প্রশ্ন

প্র: আমাকে আহত করা হয় না। এটাকে কিভাবে পারিবারিক হিংস্রতা বলা যায়?

উ: পারিবারিক হিংস্রতা সবসময় শারীরিক হয় না, অর্থাৎ এর লক্ষণ সবসময় প্রত্যক্ষ চোখে পড়ে না। পারিবারিক হিংস্রতায় কারুর বন্ধু ও আত্মীয়দের সঙ্গে যোগাযোগে নিয়ন্ত্রণ রাখা (তাকে পৃথক বা বিচ্ছিন্ন করা), সম্পত্তি নষ্ট করা, একান্তে বা সবার সামনে গালাগালি ও হুমকি দেওয়া ইত্যাদি থাকতে পারে।

প্র: সমকামী, উভকামী ও ক্লিবলিঙ্গের ক্ষেত্রেও কি পারিবারিক হিংস্রতা দেখা যায়?

উ: আমাদের রাষ্ট্রীয় লেসবিয়ান, গে, বাইসেক্সুয়াল এবং ট্রান্সজেন্ডার পারিবারিক হিংস্রতার হেল্পলাইন জানুয়ারী এবং এপ্রিল 2008-এর মধ্যবর্তী সময়টায় 800 টি কল পেয়েছিল। আমরা কলারদের সঙ্গে 35ঘন্টার বেশী সময় যাবত LGBT, DV (পারিবারিক হিংস্রতা), পথনির্দেশ, সক্রিয় শ্রোতার ভূমিকা, নিরাপত্তার পরিকল্পনার বিষয়ে কথা বলেছি এবং তথ্য বা সুপারিশ দিয়েছিলাম।

সমীক্ষায় দেখা গিয়েছে 4 জন LGBT -র মধ্যে 1 জন পারিবারিক হিংস্রতার শিকার হয়। LGBT -দের ক্ষেত্রে পারিবারিক হিংস্রতা ঘটে। এটা সত্যি।

প্র: দুজন মহিলার ঝগড়া ভালোবাসার ঝগড়াঝাটি নয় কি?

উ: যে কোনো সম্পর্কে হিংস্র ব্যবহার শান্তিময় বিষয় নয় এবং এগুলিকে এভাবে বিচার করতে গেলে এর প্রভাবের গুরুত্বহানি হয় এবং এই একটি কারণে LGBT পারিবারিক হিংস্রতা এখনও লোকচক্ষুর আড়ালে আছে।

প্র: দুজন পুরুষের ঝগড়া S&M-এর (পরস্পর যৌন নিপীড়ন) মত সেক্স গেম অর্থাৎ যৌনক্রিয়া নয় কি?

উ: S&M সম্মতিসূচক যৌনাভ্যাস। পারিবারিক হিংস্রতা অপমানজনক এবং এক পক্ষের সমস্যা ও তাতে এমন কোনো সম্মতি থাকে না। যৌন ভূমিকাপালন ও পারিবারিক হিংস্রতা এক ব্যাপারে না।

প্র: সমকামী, উভকামী ও ক্লিবলিঙ্গের পারিবারিক হিংস্রতা বিপরীত লিঙ্গের সঙ্গীদের মধ্যে পারিবারিক হিংস্রতার অনুরূপ নয় কি?

উ: কয়েক প্রকারে এ দুটি অনুরূপ হলেও অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রভেদ থাকে। এর একটা প্রধান কারণ, যারা LGBT পারিবারিক হিংস্রতার শিকার হয় তাদের জন্য যথেষ্ট সাহায্য ব্যবস্থা নেই। আরেকটি হল এইসব পারিবারিক হিংস্রতার বিষয়ে রিপোর্ট করতে হলে নিজের পরিচয় জানাতে হয়। এছাড়া, আমাদের সাহায্য করার জন্য যেসব পরিষেবা আছে সেগুলি পারিবারিক হিংস্রতাকে সাধারণ আক্রমণের শ্রেণীভুক্ত করে কিংবা মূল অপরাধীকে চিনতে পারে না /ভুল করে। এসবের ফলে সাহায্য চাইতে গিয়ে LGBT -র আরো বেশী সমস্যার সম্মুখীন হতে হয়।

প্র: অপেক্ষাকৃত ছোট মানুষ বড় মানুষকে আহত করলে তা কিভাবে পারিবারিক হিংস্রতা হিসাবে গণ্য হবে?

উ: অপমানজনক দুর্য্যবহারের সঙ্গে আকার আয়তন ও অবয়বের সম্পর্ক নেই। কেউ চেহারায়ে ছোট বলে তার আপনাকে আঘাত দেওয়া না, আপনাকে আপনার বন্ধু ও পরিবারের সামনে অপদস্থ করা আপনার জিনিসপত্র নষ্ট করা, আপনার অর্থ নিয়ন্ত্রণ করা বা অন্যদের সামনে আপনার অপমান করার কোনোরকম অধিকার নেই।

প্রঃ আমি সাহায্যের জন্য মূলধারার হেল্পলাইনে ফোন না করে আপনাদের যোগাযোগ করলে আমার কি লাভ হবে?

উঃ একজন LGBT যেসব সমস্যা ও চিন্তার বিষয়গুলির সম্মুখীন হয় সে ব্যাপারে সহজাতভাবে আরেকজন LGBT -র জানা থাকে। আমাদের LGBT আপনার লিঙ্গগত বৈশিষ্ট্যের ভিত্তিতে আপনাকে বিচার করবে না; তারা পারিবারিক হিংস্রতার শিকার ব্যক্তি এবং অপরাধীদের সমস্যা সামলাবে।